



ISSN: 2249-4782

UGC Care Listed

International Peer Reviewed Research Journal

দ্বি-শতবার্ষিক
বিদ্যাসাগর স্মরণ সংখ্যা
এবং বিবিধ

জুলাই-ডিসেম্বর ২০২০. যুগ্ম



সম্পাদক

নাজিবুল ইসলাম মণ্ডল

Vidyasagar Smaran Sankhya
Samakaler Jiyonkathi Sahitya Patrika
Edited by Nazibul Islam Mondal

© সম্পাদক

প্রথম প্রকাশ : জুলাই-ডিসেম্বর ২০২০ (যুগ্ম)

মুদ্রণ : জয়শ্রী প্রেস
৯১/১বি, বৈঠকখানা রোড, কলকাতা-৯

অঙ্করবিন্যাস : এল টি এম গ্রাফিক্স
বারইপুর, কলকাতা-১৪৪

সম্পাদকীয় দপ্তর : নাজিবুল ইসলাম মণ্ডল
সমকালের জিয়নকাঠি প্রকাশন
জীবন মণ্ডল হাট
ডাকঘর : মায়াহাউড়ি, দক্ষিণ চব্বিশ পরগনা, সূচক-৭৪৩৩৩৭

শহর অফিস : সমকালের জিয়নকাঠি প্রকাশন
মণিমালা অ্যাপার্টমেন্ট
অরুণ ভদ্র সরণি, কলকাতা-১৪৪
চলভাষ : ৭৬৯৯৪৫৬৮৩২/৯৯৩২৫৬৭১৬১
e-mail : nazibulislammondal@rediffmail.com

প্রাপ্তিস্থান : ● দে'জ পাবলিশিং
১৩ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কল-৭৩
● দে বুক স্টোর (দীপুসা)
১৩ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কল-৭৩
● ফার্মা কে.এল.এম
২৫৭ বি.বি.গাঙ্গুলী স্ট্রিট, কল-১২

বিনিময় : ৩০০.০০ টাকা

ISSN : 2249-4782

পর্ব-২ বিভাগ-ক : অন্যচোখে

বাংলা সাহিত্যের বাতিঘর আনিসুজ্জামান

আনিসুজ্জামান

২৭৭

প্রত্নতাত্ত্বিক পরেশচন্দ্র দাশগুপ্ত

কৃষ্ণকালী মণ্ডল

২৮৪

পর্ব-২ বিভাগ-খ : গ্রন্থ পর্যালোচনা

মানুষের নিরবচ্ছিন্নতার উপকথা : 'উজানতলীর উপকথা'

কুমার রাণা

২৯৯

বরিশাইলিয়া যোগেন ও তার শূত্র-অস্তিত্ব

শিবশিস দত্ত

৩০৩

অভিজিৎ সেন-এর কথাসাহিত্য :

বিকল্প আখ্যানের পরিসরে নিম্নবর্গের উত্তরণ

বাবুর আলী মন্ডল

৩১৩

স্বাধীনতা-উত্তর বাংলা নাটকে শ্রমজীবী উল্গলান

সিদ্ধার্থ বীড়া

৩৩০

ধর্ম, নৈতিকতা এবং আধ্যাত্মিকতা প্রসঙ্গে আলোচনা

ড. সোমা বন্দ্যোপাধ্যায়

৩৪৭

পর্ব-২ বিভাগ-গ

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১)

৩৫৫

বিজ্ঞাপন

৩৬১-৩৬৭

স্বাধীনতা-উত্তর বাংলা নাটকে শ্রমজীবী উলগুলান

সিদ্ধার্থ খাঁড়া

জমিদার, মহাজন ও ইংরেজ রাজশক্তি প্রভৃতি ঔপনিবেশিক শক্তির বিরুদ্ধে আদিবাসী বিরসাদের বিদ্রোহ চেতনাকে 'উলগুলান' শব্দের ব্যঞ্জনায় ব্যক্ত করেছেন মহাশেতা দেবী। 'উলগুলান' হল রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক শ্রেণিবৈষম্যের বিরুদ্ধে মহাবিদ্রোহ। স্বাধীনতা-উত্তর রামায়ণ ও ভাগবতকেন্দ্রিক নাটকে শ্রমজীবীদের বিদ্রোহ চেতনা ব্যক্ত হয়েছে। স্বাধীনতা-উত্তর পশ্চিমবঙ্গে তথা ভারতবর্ষে জমির মালিক ও কলকারখানার মালিকরা কীভাবে কৃষক ও শ্রমিকদের উপর শোষণ চালাত তার ইতিহাস নাটকগুলির রাজনৈতিক ও আর্থসামাজিক প্রেক্ষাপট হয়ে উঠেছে। সমকালের আর্থসামাজিক ও রাজনৈতিক চেতনার সঙ্গে মহাকাব্য ও পুরাণের গল্পকথাকে সম্পৃক্ত করে নব-পৌরাণিক নাটক লিখেছেন নাট্যকাররা। স্বাধীনতা-উত্তর অসীম মৈত্রের 'এবং বসুদেব আজও' এবং রবীন্দ্র ভট্টাচার্যের 'বুড়ো হনুর আত্মকথা' নামক নাটকে ভাগবত ও রামায়ণ কথার নেপথ্যে সমকালীন শ্রমজীবীদের শ্রেণিসংগ্রাম ব্যক্ত হয়েছে। প্রতিবাদ ও প্রতিরোধের মধ্যে দিয়ে ঔপনিবেশিক শক্তির নিষ্ঠুর শাসনের বিরুদ্ধে বিদ্রোহের আগুন সারা দেশের শ্রমজীবীদের মধ্যে ছড়িয়ে পড়েছিল। ন্যায্য মজুরি, উপযুক্ত পরিকাঠামো, উন্নত যন্ত্রপাতি ও কায়িক শ্রমের প্রতি সহানুভূতির দাবীতে শ্রমজীবীরা মালিকের বিরুদ্ধে মিছিল ও ধর্মঘটের মাধ্যমে দীর্ঘদিন ধরে অনশন ও আন্দোলন করত যা এই স্বাধীনতা-উত্তর নাটকের মধ্যে স্পষ্ট হয়ে উঠেছে।

মার্কসীয় ধারণা অনুসারে সামাজিক শ্রেণিসমূহের উদ্ভব ঘটে শ্রমের সামাজিক বিভাজনের কারণে। শ্রেণি সংগ্রামকে 'inner dynamic of history'^১ বলে অভিহিত করা হয়েছে। শ্রেণিসমূহের ছন্দুই সমাজ বিকাশের মূল চালিকা শক্তি। সমাজে শ্রেণিভেদ ও নতুন শ্রেণির সৃষ্টি হয় জীবনযাত্রার পক্ষে দরকারি উৎপাদন-শক্তি সমূহের বিকাশের স্তর অনুসারে। বস্তুত মার্কসীয় দর্শনে শ্রেণি ও শ্রেণি সংগ্রামের তত্ত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। মিলিব্যান্ড বলেছেন—'...it is certainly they